



UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours Part-II Examination, 2020

BENGALI

PAPER-III

Time Allotted: 2 Hours

Full Marks: 50

পাঠ্যসূত্র সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

- ১। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ১০×১=১০
- (ক) আঞ্চলিক উপন্যাস কাকে বলে ? এই জাতীয় উপন্যাসের বৈশিষ্ট্যগুলি আলোচনা করে কয়েকটি বাংলা আঞ্চলিক উপন্যাসের উদাহরণ দাও। ১০
- (খ) চেতনাপ্রবাহ রীতির উপন্যাস কাকে বলে ? এর বৈশিষ্ট্যগুলি লেখো। এই জাতীয় উপন্যাসের সূচনা কোথায় ও কোন উপন্যাসে হয়েছিল ? বাংলা ভাষায় রচিত কয়েকটি চেতনাপ্রবাহ রীতির উপন্যাস ও সেগুলির উপন্যাসিকের নাম লেখো। ১০
- (গ) পাঠ্যতালিকার বাইরে যে কোনো একটি ছোটগল্পের আলোচনা প্রসঙ্গে ছোটগল্পের বৈশিষ্ট্যগুলি লেখো। ১০
- (ঘ) ছোটগল্প ও উপন্যাসের পার্থক্য আলোচনা করো। ১০
- ২। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ১৬×১=১৬
- (ক) ‘রজনী’ উপন্যাসের নামকরণ কীভাবে সার্থক হয়েছে উপন্যাস আলোচনা করে লেখো। ১৬
- (খ) শচীন্দ্র ও অমরনাথের মধ্যে কে ‘রজনী’ উপন্যাসের নায়ক হয়ে উঠেছে যুক্তিসহ ব্যাখ্যা করো। ১৬
- (গ) ‘চোখের বালি’ উপন্যাসের পরিণতি যুক্তিসঙ্গত কি না উপন্যাস অবলম্বনে আলোচনা করো। ১৬
- (ঘ) ‘চোখের বালি’র বিনোদিনী কীভাবে নিজের স্বাভাবিক, ব্যক্তিত্ব ও অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে আধুনিক নারী চরিত্রের প্রতিভূ হয়ে উঠেছে সেটি লেখো। ১৬
- (ঙ) ‘পল্লীসমাজ’ উপন্যাসের বিশেষত্ব চরিত্র কতটা স্বাভাবিক ও সঙ্গতিপূর্ণ বিচার করো। ১৬
- (চ) “ ‘পল্লীসমাজ’ উদ্দেশ্যমূলক রচনা হলেও শিল্পসার্থকতা বঞ্চিত নয়” — মন্তব্যটির যথার্থ্য বিচার করো। ১৬
- ৩। নিম্নলিখিত যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাওঃ ৪×৩ = ১২
- (ক) “তুই ভালোবাসার কি জানিস” – কে কাকে কোন প্রসঙ্গে কথাগুলি বলেছিল ?
- (খ) “আমার মাথায় আকাশ ভাঙ্গিয়া পড়িল” – কার মাথায় এবং কেন আকাশ ভেঙ্গে পড়েছিল ?
- (গ) “তুই কেন আমার পুত্রবধূ হয়ে এলি নে” – বক্তা কে ? কাকে বলা হয়েছে ? কথাগুলির মধ্যে বক্তার চরিত্রের যে পরিচয় ফুটে উঠেছে সেটি লেখো।

- (ঘ) “বিনোদিনী তাহাকে দুই হাতে বুকের মধ্যে চাপিয়া ধরিয়া বারবার করিয়া কাঁদিতে লাগিল।” – কাকে ধরার কথা বলা হয়েছে ? কান্নার কারণ ব্যাখ্যা করো।
- (ঙ) “দেখিতে দেখিতে এই বৃহৎ থালার অর্ধেক মিষ্টান্ন এই তিন প্রাচীন ম্যালেরিয়া ক্লিষ্ট সদব্রাহ্মণের জলযোগে নিঃশেষিত হইয়া গেল।” – এই তিন প্রাচীন সদব্রাহ্মণ কারা ? ‘সদব্রাহ্মণ’ শব্দ ব্যবহারের তাৎপর্য লেখো।

৪।	নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ	১২×১=১২
(ক)	‘একরাত্রি’ গল্পের শিল্পসার্থকতার পরিচয় দাও।	১২
(খ)	‘হৈমন্তী’ গল্পের হৈমন্তী কেমন করে পারিবারিক প্রথার বলি হয়েছিল লেখো।	১২
(গ)	হাস্যরসাত্মক গল্প হিসাবে ‘বলবান জামাতা’ গল্পটি কতখানি সফল হয়েছে ব্যাখ্যা করো।	১২
(ঘ)	‘স্বদেশী কোম্পানী’ গল্পটির বিশদ পরিচয় দিয়ে এর শ্রেণী নির্দেশ করো।	১২

—×—